গাংনীতে ওষুধ কিনতে গিয়ে লাশ হলেন বৃদ্ধা ফুলজান

ওষুধ কিনতে গিয়ে মাইক্রোবাস চাপায় নিহত হলেন ফুলজান খাতুন(৮০) নামের এক বৃদ্ধা। নিহত ফুলজান খাতুন গাংনী উপজেলার বালিয়াঘাট গ্রামের পশ্চিমপাড়া এলাকার মৃতু রহমতুল্লাহ স্ত্রী।

আজ মঙ্গলবার (২৬ জুলাই) দুপুরের দিকে বামন্দী-কাজিপুর সড়কের বালিঘাট গ্রামের সামাদ হাজী বাড়ির সামনে এ সড়ক দুর্ঘটনাটি ঘটে।

স্থানীয়রা জানান, বৃদ্ধা ফুলজান খাতুন ওষুধ কেনার জন্য বালিয়াঘাট মোড়ের একটি ওষুধের দোকানে যাচ্ছিলেন। রাস্তা পার হওয়ার সময় একটি দ্রুতগামী মাইক্রোবাস তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। রাস্তার উপর ছিটকে পড়ে ঘটনাস্থলেই মারা যান তিনি।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, এঘটনায় কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। তারপরেও খোঁজ খবর নেয়া হচ্ছে।

জীবননগরে ট্রেনে কাটা পড়ে কিশোরের মৃত্যু

জীবননগরে ট্রেনে কেটে নাজির হোসেন (১৬) নামের এক কিশোরের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার বেলা সোয়া ১২ টার সময় জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ইউনিয়নের বাজদিয়া গ্রামের কুবরেগাড়ী নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত নাজির হোসেন বাজদিয়া গ্রামের দক্ষিণ পাড়ার আনোয়ার হোসেনের ছেলে। সে পেশায় একজন ইট ভাটার শ্রমিক ছিলেন। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, নাজির হোসেন মঙ্গলবার বেলা

সোয়া ১২ টার সময় খান ইট থেকে কাজ শেষে বাড়ি ফিরছিলেন।সে কুবরেগাড়ী লাইন পাড়া নামক স্থানে রেললাইনের উপর দাড়িয়ে থাকা অবস্থায় খুলনা হতে ঢাকা গামী আন্তঃনগর চিত্রা এক্সপ্রেস তাকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই নাজির হোসেনের মৃত্যু হয়।

পরে স্থানীয়দের সহযোগীতায় ওই কিশোরের মরদেহের চারটি খন্ড বস্তায় করে বাড়িতে নেয়া হয়। স্থানীয় ইউপি সদস্য জহিরুল হক বলেন, কিশোর নাজির হোসেন মানষিক ভারসাম্যহীন ছিল বলে তার পরিবার সুত্রে জানতে পেরেছি।সে হয়ত রেললাইন পার হওয়ার সময় অসাবধানতায় ট্রেনের নিচে পড়লে ঘটনাস্থলে তার মৃত্যু হয়। এ সময় তার শরীর চারখন্ড হয়ে যায়। পরে এলাকার কিছু শ্রমিক বস্তায় করে তার মরদেহ বাড়িতে নিয়ে আসে।

জীবননগর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আব্দুল খালেক বলেন, বিষয়টি শোনার পর ঘটনাস্থলে পুলিশ পাঠিয়ে ছিলাম এবং রেল পুলিশকে জানানো হয়। এদিকে কিশোর নাজির হোসেনের মৃত্যুতে নিহতর পরিবার সহ গোটা এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

গাংনীতে মায়ের বুকের দুধ পান করতে গিয়ে শিশুর করুণ মৃত্যু!

মায়ের বুকের দুধ পান করার সময়ে দম বন্ধ হয়ে আলিফ হোসেন নামের সাত মাস বয়সী এক শিশুর করুণ মৃত্যু হয়েছে।

আজ বুধবার রাত ৮টার দিকে উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের পশ্চিমপাড়া এলাকায় এ করুণ ঘটনাটি ঘটেছে।

আলিফ হোসেন ওই এলকার আজমাইন হোসেনের ছেলে।

আলিফ হোসেনের চাচা ইকলাস আলী মাস্টার জানান, ঘটনার সময় আলিফ হোসেনকে তার মা হালিমা খাতুন বুকের দুধ পান করাচ্ছিলেন। অসাবধানতা বসত হঠাৎ শিশুটি দম বন্ধ হয়ে পড়ে। এক সময় মূমূর্ষ হয়ে পড়ে। সাথে সাথে তাকে হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃতু

ঘোষণা করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক বোধাদিপ্ত দাশ (বিডি দাশ) জানান, শিশুটিকে হাসপাতালে আনার আগেই মারা গেছে। তার শ্বাস বন্ধ হয়ে মারা গেছে বলেই জানান তিনি।

মাকে রেখে বাড়ি ফেরা হলো না শফিকুলের

মাকে খালার বাড়িতে রেখে নিজ বাড়ি ফেরার পথে সড়ক দুর্ঘটনায় শফিকুল ইসলাম (৩৩) নামের প্রবাস ফেরত যুবকের মৃত্যু হয়েছে।

রবিবার রাত ৮টার দিকে মেহেরপুর সদর উপজেলার নুরপুর নামক স্থানে মটরসাইকেল-ট্রলির সাথে সংঘর্ষে তিনি নিহত হন।
শফিকুল ইসলাম একই উপজেলার আশরাফপুর গ্রামের সুড়ি পাড়ার নুরুর ছেলে। তিনি মালয়েশিয়া প্রবাসী। দুই মাস আগে তিনি ছুটিতে নিজ দেশে এসেছেন।

জানা গেছে, রবিবার বিকেলে শফিকুল ইসলাম তার মাকে পার্শবর্তী পিরোজপুর গ্রামের খালার বাড়িতে রাখতে গিয়েছিলেন। রাত ৮টার দিকে মাকে রেখে বাড়ি ফেরার পথিমধ্যে নুরপুর নামক স্থানে পৌছালে একজন সাইকেল আরোহীকে বাঁচাতে তিনি একটি গরু বহন করা ট্রলির সাথে ধাক্কা মারেন। এসময় তিনি গুরুতর আহত হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক শফিকুল ইসলামকে মৃত ঘোষণা করেন।

সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শাহ দারা ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, বিষয়টি জানতে পেরে ঘটনা স্থলে পুুলিশ পাঠানো হয়েছে। লাশ ময়না তদন্ত শেষে পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

দর্শনায় সড়ক দুর্ঘটনায় যুবক নিহত

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় মোটরসাইকেল দুর্ঘটনায় সোহান নামের এক যুবককের মৃত্যু হয়েছে। আজ সোমবার বেলা ৩ টার দিকে দর্শনা- জীবননগর সড়কের রশিকশাহ মাজারের নিকট এ দুর্ঘটনা ঘটে।
নিহত সোহান (১৭) দর্শনা আকোন্দবাড়িয়া নতুন পাড়ার সাহিদুল ইসলামের ছেলে। দর্শনার মালেকের ওয়ার্কসপের শ্রমিক। প্রত্যক্ষদর্শী হিমেল নামের এক যুবক বলে, সোমবার দুপুরে আমি ওই পাম্পে তেল নিচ্ছিলাম। মোটরসাইকেলটি আমার সামনে দিয়ে যাওয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে পাকা সড়কে আছড়ে পড়ে। আমি ওয়ার্কসপ মালিককে খবর দিই।
ওয়ার্কসপের মালিক আব্দুল মালেক বলেন, দুপুরের খাবার খেতে মোটরসাইকেল চালিয়ে বাড়ি যাচ্ছিল সোহান। এসময় দর্শনা-জীবননগর সড়কের রশিকশাহ মাজারের নিকট পৌঁছালে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে পাকা সড়কে উল্টে পড়ে। তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
এদিকে, দুর্ঘটনার খবর পেয়ে সোহানের বাবা-মাসহ পরিবারের লোকজন হাসপাতালে ছুটি আসে। এসময় তাদের কান্নায় হাসপাতালের বাতাস ভারি হয়ে ওঠে। নিহত সোহান দুই ভায়ের মধ্যে বড়।
চুয়াডাঙ্গা সদর হাসপাতালর জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. মাহাবুবুর রহমান বলেন, হাসপাতালে নেয়ার আগেই সে মারা যায়। চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ মহসীন পিপিএম (বার) বিষয়টি নিশ্চিত করেছেন। গতকাল রাত সাড়ে ১০ টায় তার জানাজা শেষে আক্ন্দবাড়িয়া কবরস্হানে দাফন সম্পর্ন করা হয়।

গাংনীতে সাপে কেটে নারীর মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার চরগোয়াল গ্রামে সাপে কেটে আকলিমা বেগম
(৫৬) নামের এক নারীর মৃত্যু হয়েছে।
রবিবার সকাল ৯ টার দিকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃতু হয়।

আকলিমার পরিবার সূত্রে জানা গেছে, আকলিমা বেগম প্রতিরাতের ন্যায় শনিবার দিবাগত রাতে ঘরে ঘুমিয়ে ছিলেন। মধ্যে রাতে তাকে ঘুমন্ত অবস্থায় একটি বিষধর সাপে দংশন করলে তিনি অসুস্থ হয়ে পড়েন। এসময় তাকে স্থানীয়ভাবে চিকিৎসা দেয়ার পরও তার শারীরিক অবস্থার অবনতি দেখা দেয়। পরে রবিবার সকালে পরিবারের লোকজন তাকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়ার জন্য রওয়ানা দেয়। পথিমধ্যে তিনি মুত্যুর কোলে ঢোলে পড়েন।

মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহাম্মেদ মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেন।

আমঝুপিতে সড়ক দুর্ঘটনায় আহত রাব্বির মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বীজ ফার্মের দ্বিতীয় গেটে সড়ক দুর্ঘটনায় আহত রাব্বি হোসেন (২১) রাজশাহীতে যাওয়ার পথে মারা গেছেন। গতকাল শুক্রবার মধ্য রাতে তিনি মারা যান।
স্থানীয় সূত্রে জানা গেছে, আহত রাব্বি, সাগর, ইমরানসহ ৫/৭ জন তরুণ মোটরসাইকেল রেস করে চুয়াডাঙ্গা থেকে মেহেরপুরের দিকে আসছিলো অপরদিকে মেহেরপুর থেকে ওষুধ কোম্পানীর প্রতিনিধি ইয়াহিয়া চুয়াডাঙ্গা যাচ্ছিলেন। পথিমধ্যে আমঝুপি বীজ ফার্মের ২য় গেট সংলগ্ন এলাকায় প্রথমে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। পরে আরো একটি মোটরসাইকেল ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই ইয়াহিয়ার মৃত্যু হয়। আহত হয় তরুণ বাইকার রাব্বি , সাগর ও ইমরান। খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ইউনিটের একটি টিম ও পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছিয়ে নিহত ও আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়া হলে রাব্বির অবস্থা আশংকা জনক হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। রাজশাহীতে নেওয়ার পথে মধ্যরাতে তার মৃত্যু হয়।
এদিকে সকালে নিজ গ্রামে তার জানাযা ও দাফন সম্পন্ন হয়েছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দিকে আসছিলো অপরদিকে মেহেরপুর থেকে ওষুধ কোম্পানীর প্রতিনিধি ইয়াহিয়া চুয়াডাঙ্গা যাচ্ছিলেন। পথিমধ্যে আমঝুপি বীজ ফার্মের ২য় গেট সংলগ্ন এলাকায় মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই ইয়াহিয়ার মৃত্যু হয়। আহত হয় রাব্বি, সাগর ও ইমরান।

খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ইউনিটের একটি টিম ও পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছিয়ে নিহত ও আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যায়।

আমঝুপি ইউপি চেয়ারম্যান চুন্নুর মায়ের ইন্তেকাল

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউপি চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নুর মা আছিয়া খাতুন (৮০) বার্ধক্য জনিত রোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ শুক্রবার বিকোল পৌনে ৪টার দিকে নিজ বাসভবনে তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন। তিনি আমঝুপি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মরহুম মহিউদ্দিনের স্ত্রী। মৃত্যুকালে তিনি ৩ছেলে, ৫মেয়ে, নাত নাতনীসহ অসংখ্যা গুণাগ্রাহী রেখে গেছেন।

মরহুমার পারিবারিক সূত্রে জানা গেছে, আজ বাদ এশা আমঝুপি গোরস্থান সংলগ্ন মাঠে জানাযা শেষে ওই গোরস্থানে দাফন করা হবে।